

লিপি
শিলিগুড়ি, শুক্রবার, ১০ আগস্ট ২০১৮
Siliguri· Friday· August 10, 2018
Arthik Lipi, Page 7

কিশোর কিশোরীর ঝুলন্তদেহ উদ্ধারে চাঞ্চল্য

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ এক কিশোর ও এক কিশোরীর ঝুলন্ত দেহ উদ্ধারকে কেন্দ্র করে তীব্র চাঞ্চল্য ছড়াল হুগলির আরামবাগের পূর্ব কেশবপুর গ্রামে। মৃত ওই কিশোর কিশোরীর নাম সুলেমান মল্লিক (১৭) ও ফারহা খাতুন(১৫)। দুজনেরই বাড়ি একই পাড়াতে। তারা পড়ত একই স্কুলে। সুলেমান দ্বাদশ শ্রেণিতে ও ফারহা দশম শ্রেণিতে। জানা গেছে, বুধবার বিকালে ফারহা নিজের বাড়িতে সিলিং ফ্যানের সঙ্গে ওড়না দিয়ে গলায় ফাঁস লাগিয়ে ঝুলে পড়ে। পরে পরিবারের লোক দেখতে পেয়ে আরামবাগ থানায় খবর দেন। পুলিশ মৃতদেহটি উদ্ধার করে আরামবাগ মহকুমা হাসপাতালে পাঠায়। এই ঘটনার কিছুক্ষণ পরেই প্রতিবেশি সুলেমান নিজের বাড়িতে কড়িকাঠের সঙ্গে ফাঁস লাগিয়ে আত্মহত্যা করে। সুলেমানের বাবার দাবি, পড়াশোনার গাফিলতির জন্য অশান্তির জেরে ছেলে আত্মহত্যা করেছে। অন্যদিকে ফারহার পরিবার জানিয়েছে, ফারহা বেশ কিছুদিন ধরেই মানসিক অবসাদে ভুগছিল। তার জেরেই এই ঘটনা ঘটিয়েছে।

পারিবারিক বকুনি, আত্মহত্যা ছাত্রীর

নিজস্ব সংবাদদাতা, তারকেশ্বর ঃ প্রণয় ঘটিত কারণে পরিবার বকুনি দেওয়া অভিমানে গলায় ফাঁস লাগিয়ে আত্মহত্যা করল দেবিকা হাজারি (১৪) নামে এক অষ্টম শ্রেণির ছাত্রী। হুগলির তারকেশ্বর থানার ভঞ্জিপুরের সৈতা গ্রামের ঘটনা। খবর পেয়ে পুলিশ মৃতদেহ উদ্ধার করে শ্রীরামপুর ওয়ালস হাসপাতালে পাঠিয়েছে।

পাভুয়ায় মাঠে বিদ্যুৎস্পৃষ্ট ৭ শ্রমিক

নিজস্ব সংবাদদাতা, পাণ্ডুয়া ঃ মাঠে ১০০ দিনের কাজ করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে জখম হলেন ৭জন। তাঁদের মধ্যে ৬জনই মহিলা। বৃহস্পতিবার সকালে ঘটনাটি ঘটেছে পাভুয়া থানার রোসনা গ্রামে। স্থানীয় মানুষজন জানান, এদিন ১০০ দিনের প্রকল্পে মাটি কাটার কাজ চলছিল। একটানা বৃষ্টির জেরে জমির উপর থেকে যাওয়া ১১০০০ ভোল্টের আর্থিং-এ বিদ্যুৎ সংযোগ ঘটে যায়। সেখান থেকেই বিদ্যুৎস্পৃষ্ট হন ৭জন। যার মধ্যে ৬জনের অবস্থা আশঙ্কাজনক। সকলকেই পাভুয়া গ্রামীণ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

চন্দননগর পুরনিগমের উদ্যোগে কবিগুরুর তিরোধান দিবস

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ হুগলির চন্দননগর পুরনিগমের উদ্যোগে পালন করা হল কবিগুরুর ৭৮তম তিরোধান দিবস। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চন্দননগর মহানাগরিক রাম চক্রবর্তী, ডেপুটি মেয়র মায়া ঘোষ, মেয়র পারিষদ হিরন্ময় চ্যাটার্জীসহ অন্যান্য সদস্যরা এবং পুরনিগমের কর্মচারীবৃন্দ। রবীন্দ্রভবনের বিপরীতে মুক্তমঞ্চে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মহানাগরিক রাম চক্রবর্তী বলেন, কবিগুরুর সঙ্গে চন্দননগরের একটি আত্মিক সম্পর্ক রয়েছে। চন্দননগর পুরনিগমের শিক্ষা দপ্তরের কর্মচারী বিপ্লব দাস বলেন, পুরসভার সদস্যদের পাশাপাশি এলাকার সাধারণ মানুষও উপস্থিত ছিলেন। সকলের উপস্থিতিতে এদিনের অনুষ্ঠান একটা আলাদা মাত্রা পায়।

পুরশুড়ায় দামোদরের বাঁধ সংস্কারের দাবি

অভিজিৎ মুখার্জী ● আরামবাগ

গত বছর বন্যায় বাঁধ ভেঙে হুগলির পুরশুড়ার একটা বিস্তীর্ণ অংশ প্লাবিত হয়েছিল। সেই এলাকার বাঁধ আবার তৈরি করা হলেও আশেপাশের ভঙ্গুর এলাকাগুলি এখনও সংস্কার হয়নি বলে ওই এলাকার মানুষ অভিযোগ তুলেছেন। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, পুরশুড়ার ভাঙামোড়া অঞ্চলের গোবিন্দবাজার থেকে খুশিগঞ্জ চাউলপট্টি পর্যন্ত প্রায় ৩ কিমি বাঁধের অবস্থা খুবই সঙ্গীন। উল্লেখ্য, পুরশুড়া ব্লকের বেশ কয়েকটি গ্রাম পঞ্চায়তের উপর দিয়ে দামোদর নদ বয়ে গেছে। এই নদের পশ্চিমপাড়ে রয়েছে এই বাঁধ। বাঁধের উপর দিয়ে ট্রেকার ও বালিখাদের লরি চলে। ফলে বাঁধের মাটি মাঝে মাঝেই ধসে যায়। বিভিন্ন অংশে ফাটলও দেখা দেয়। এছাড়াও কিছু স্থানীয় বাসিন্দা অবৈধভাবে বাঁধের উপরেই নির্মাণ কার্য করছে। পাশাপাশি রয়েছে গোরু, ছাগল ইত্যাদি পালনের জন্য বাঁধের মাটিতে খুঁটি পোঁতা। এরফলেও সেই অংশে জল ঢুকে বাঁধ দুর্বল হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গেছে, ভাঙামোড়া অঞ্চলের বাজারপাড়া, সত্যনারায়ণতলা, ধাড়াপাড়া, ইত্যাদি এলাকায় মাটি ধসে গেছে। কোথাও বা বাঁধ এতটাই নিচু যে বন্যার সময় বাঁধ টপকে জল বয়ে যায়। এইসব এলাকার মানুষ সেখানকার বাঁধ উঁচু করার দাবি জানিয়েছেন। তাঁদের অভিযোগ, কিছু অসাধু ব্যক্তির জন্যই বাঁধ দুর্বল হয়ে পড়ছে। অলিখিতভাবে সরকারি জায়গা বেদখল হয়ে যাচ্ছে। এমনকি টাকার বিনিময়ে বিক্রিও হয়ে যাচ্ছে। এছাড়াও বাঁধে কলাগাছ লাগানোর ফলে অনেক জায়গাতেই বাঁধের ক্ষতি হচ্ছে। পাশাপাশি লরি ও ট্রেকার চলার জন্য বাঁধের এখানে ওখানে বড় গর্তও তৈরি হয়েছে। তাঁরা জানান, ১৯৮৫ সালে শেষবার মাটি ফেলে এই বাঁধ আমূল সংস্কার করা হয়েছিল। তারপর বিক্ষিপ্তভাবে ১০০ দিনের প্রকল্পে কিছু কাজ হলেও আমূল সংস্কার হয়নি। তাঁদের আরও বক্তব্য, ১৯৭২-৭৭ সাল পর্যন্ত কংগ্রেস জমানায় বাঁধে কড়া নজরদারি থাকত। ফলে তখন বাঁধটি ছিল অত্যন্ত শক্তপোক্ত। কিন্তু বামফ্রন্ট ক্ষমতায় আসার পর থেকেই বাঁধে নজরদারি শিথিল হয়ে পড়ে। ফলে বাঁধও দুর্বল হতে থাকে। তাঁরা আশঙ্কা করছেন এবছর যদি ডিভিসি অনিয়ন্ত্রিতভাবে জল ছাড়ে বা অতিবৃষ্টির মতো ঘটনা ঘটে তাহলে গত বছরের মতো এবছরও বাঁধের দুর্বল অংশ ভেঙে গিয়ে পুরশুড়াবাসীকে চরম বিপদে ঠেলে দিতে পরে। জানা গেছে, এই বাঁধটি মুন্ডেশ্বরী ইরিগেশন দপ্তরের আওতায় পড়ে। এলাকাবাসী বছর দেড়েক আগে তৎকালীন সেচমন্ত্রী রাজীব বন্দ্যোপাধ্যায়ের কাছে বিষয়টি জানিয়েছিলেন। তিনি পরিদর্শনে গিয়েছিলেন। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। তাই বাধ্য হয়ে এলাকার বাসিন্দারা নিজেদের বাড়ি থেকে বালির বস্তা দিয়ে জল আটকানোর ব্যবস্থা করেন। প্রায় প্রতিবছরই বন্যার সময় স্থানীয় মানুষকেই এব্যাপারে উদ্যোগী হতে হয়। কিন্তু গতবার বাঁধ ভাঙার পর একটি বছর কেটে গেলেও দুর্বল বাঁধের দিকে নজর দেওয়া হয়নি বলে অভিযোগ। তাই ওই এলাকার মানুষ অবিলম্বে ওই বাঁধ সংস্কারের দাবি জানিয়েছেন। স্থানীয় বাসিন্দা প্রকাশ ধাড়া বলেন, জনপ্রতিনিধি থেকে শুরু করে মন্ত্রী সকলেই এই বাঁধ পরিদর্শন করেছেন। কিন্তু কোনও কাজ হয়নি। তাঁদের অভিযোগ, অবিলম্বে সংস্কার না হলে তারা ধর্ণায় বসবেন। এবিষয়ে মুন্ডেশ্বরী সেচ দপ্তরর আরামবাগ মহকুমা এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার সোমনাথ ঘোষ বলেন, আমরা প্রশাসন থেকে যৌথভাবে পরিদর্শনে গিয়েছিলাম। সমস্ত জায়গায় কাজ হয়ে গেছে। আর যে সমস্ত জায়গাগুলি আমরা দুর্বল মনে করেছি সেখানে ভালোভাবেই কাজ হয়েছে। বর্ষার জন্য নদীর পাড়ে যে ছোট গর্ত তৈরি হয়েছে বর্তমানে সেগুলির কাজ চলছে।

পুলিশের উদ্যোগে হরিপালে ‘সেফ ড্রাইভ সেভ লাইফ’

SAFE DRIVE
SAVE LIFE
হরিপাল গুরুদয়াল ইনস্টিটিউশন
(উচ্চ মাধ্যমিক স্কুল)
স্থাপিত ১৮৯২ সাল
হরিপাল হুগলী

নিজস্ব সংবাদদাতা, হরিপাল ঃ ‘সেফ ড্রাইভ সেভ লাইফ’ এই বিষয়ে হুগলি জেলা গ্রামীণ পুলিশ, হরিপাল থানা ও হরিপাল গুরুদয়াল ইন্সটিটিউট-এর পক্ষ থেকে সচেতনতামূলক পদযাত্রা ও সচেতনতা শিবিরের আয়োজন করা হয়। বিদ্যালয়ের অষ্টম থেকে একাদশ শ্রেণির ছাত্রছাত্রীরা হরিপাল শহরজুড়ে পথ নিরাপত্তা নিয়ে সচেতনতামূলক পদযাত্রার আয়োজন করে। পথচলতি মানুষদের ছাত্রছাত্রী ও প্রশাসনের পক্ষ থেকে সচেতনতা দেওয়া হয়। বাইক চালালে হেলমেট পরে শুধু আইনরক্ষা নয়, নিজের ও নিজের পরিবারের সুরক্ষার জন্য হেলমেট পরা জরুরি সে বিষয়ে সচেতন করা হয় সাধারণ মানুষকে।

মিছিল হবার পর ছাত্রছাত্রীদের নিয়ে একটি ক্লাসরুমে তাদের ট্রাফিক আইনে তাদের কি কর্তব্য সেই বিষয় ট্রাফিক আইন ও নিয়মকানুন নিয়ে একটি প্রশিক্ষণ দেন ট্রাফিক পুলিশ আধিকারিকগণ। উপস্থিত ছিলেন সি আই গোবিন্দ বিশ্বাস, হরিপাল থানার ওসি মিন্টু সরকার, হুগলি ট্রাফিক ওসি শান্তনু বিশ্বাস, সমাজসেবী স্বরূপ মিত্র, স্কুল কমিটির সভাপতি, সদস্যরা ও সহকারী প্রধানশিক্ষক সৌরভ পাল। ‘সেফ ড্রাইভ সেভ লাইফ’ নিয়ে সচেতনতামূলক এই অনুষ্ঠানে ছাত্রছাত্রীদের আগ্রহ ছিল চোখে পড়ার তো।

গোঘাটে বিশ্ব আদিবাসী দিবস

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ বৃহস্পতিবার হুগলির গোঘাট থানা এলাকার আদিবাসীবৃন্দের পরিচালনায় কামারপুকুর সুকান্ত উদ্যানে পালিত হল বিশ্ব আদিবাসী দিবস। এই উপলক্ষ্যে হুগলি জেলার বিভিন্ন প্রান্ত থেকে আদিবাসী ভাই, বোন ও মায়েরা উপস্থিত ছিলেন। আদিবাসী নৃত্যসহকারে ধামসা মাদলের তালে এদিনের অনুষ্ঠান এক অন্যমাত্রা পায়। উল্লেখ্য, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণা এবং বিধায়ক মানস মজুমদারের প্রচেষ্টায় এবারই প্রথম এধরনের উৎসব হচ্ছে। এই উপলক্ষ্যে এদিন আদিবাসী নারী, পুরুষ তাঁদের চিরাচরিত পোষাকে সজ্জিত হয়ে এক শোভাযাত্রায় অংশগ্রহণ করেন। তাঁদের ইষ্টদেবতাকে পুজোর মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা হয়। জাতীয় পতাকা উত্তোলন করেন বিধায়ক মানস মজুমদার। এছাড়াও আদিবাসীদের প্রতীক হলুদ ও সবুজ পতাকা তোলেন আদিবাসী মোড়ল ব্যক্তি। এদিনের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক মানস মজুমদার ছাড়াও গোঘাট ১নং ব্লক তৃণমূল সভাপতি মনোরঞ্জন পাল, ২ নং ব্লক তৃণমূল সভাপতি তপন মণ্ডল, গোঘাট ২নং পঞ্চায়েত সমিতির বিদায়ী সভাপতি পুতুল মুর্মু, হুগলি জেলা যুব তৃণমূল সহসভাপতি প্রদীপ রায়, গোঘাট থানার ওসি মিঠুন ব্যানার্জী, তৃণমূল নেতা আতাউল হক, চঞ্চল রায়, শান্তিনাথ রায়, মকবুল হোসেন, গোঘাট মুল্লুক পরগনার সহদেব সরেন, অবসরপ্রাপ্ত শিক্ষক পঞ্চানন হেমব্রম, বদনগঞ্জ হাইস্কুলের শিক্ষক অজিত মুর্মু, আরামবাগ আদিবাসী উৎনাও গাঁওতার সভাপতি গঙ্গারাম মান্ডি প্রমুখ। এবারের অনুষ্ঠানের আহ্বায়ক সত্য মান্ডি ও সুকুমার হাঁসদা বলেন, এবার প্রথম বছর। প্রচুর মানুষের সমাগম ঘটেছে। তাই আগামী বছর থেকে আরও বড় মাপের অনুষ্ঠানটি করা হবে।

চুঁচুড়ায় বামেদের আইন অমান্য

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ তিনটি পুলিশ ব্যারিকেড ভেঙে আইন অমান্য করে প্রায় হাজার দশেক কর্মীর গ্রেফতার বরণ। সিটুর ডাকা ‘জেল ভরো’ আন্দোলন এইভাবেই সম্পন্ন হল হুগলির জেলার সদর শহর চুঁচুড়ায়। এদিন দুপুরে ৯ দফা দাবি নিয়ে সিটু সারা ভারত কৃষক সভা, বাম ক্ষেতমজুর সংগঠনগুলির ডাকে রাজ্যব্যাপী জেল ভরো আন্দোলন কর্মসূচি ছিল। সেই কর্মসূচীর সমর্থনে এদিন হুগলি জেলার বিভিন্ন প্রান্ত থেকে দলে দলে বাম সমর্থকরা এসে হাজির হন চুঁচুড়া ঘড়ির মোড়ে। উপস্থিত ছিলেন সিপিএমের জেলা সম্পাদক দেবব্রত ঘোষ, সিটুর জেলা সম্পাদক অসিত মুখার্জীসহ বিভিন্ন বাম নেতৃত্ববর্গ। ঘড়ির মোড়ে জমায়েত করে মিছিল এগোয় ১০০ মিটার দূরে জেলা পুলিশ কার্যালয়ের দিকে। পুলিশের তৈরি তিনটি ব্যারিকেড ভাঙতেই পুলিশ আনুষ্ঠানিকভাবে তাদের গ্রেফতার করে। এদিন ওই কর্মসূচী উপলক্ষ্যে জেলাশাসক জগদীশ প্রসাদ মিনার কাছে একটু ডেপুটেশন দেন বাম নেতৃত্ব।

গঙ্গায় তলিয়ে গেলেন নিরাপত্তারক্ষী

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ স্নান করতে নেমে তলিয়ে গেলেন বছর পঁচিশের এক যুবক। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গেছে, ওই যুবকের নাম চিরদীপ অধিকারী (২৫)। তাঁর বাড়ি উত্তর ২৪ পরগনার কাঁচরাপাড়া চাঁদুয়া এলাকায়। ঘটনা সম্পর্কে জানা গেছে, বাড়ির একমাত্র ছেলে চিরদীপ একটি নিরাপত্তা সংস্থায় নিরাপত্তারক্ষীর কাজ করতেন। মাস তিনেক আগে তিনি ওই সংস্থায় যোগ দেন। বর্তমানে হুগলির বন্ধ হয়ে যাওয়া সাহাগঞ্জ ডানলপ কারখানার নিরাপত্তার দায়িত্বে রয়েছে শিবশক্তি নিরাপত্তা সংস্থা। চিরদীপ ডানলপ কারখানায় নিরাপত্তারক্ষী হিসাবে কর্মরত ছিলেন। এদিন দুপুরে কয়েকজন বন্ধুর সঙ্গে কারখানার উল্টো দিকে ডানলপ খেয়াঘাটে গঙ্গায় স্নান করতে নেমেছিলেন। সেই সময় স্নান করতে করতেই জলের স্রোতে তলিয়ে যান। ঘটনার খবর পেয়ে সেখানে ছুটে যান বাঁশবেড়িয়া উপপৌরপ্রধান আদিত্য নিয়োগী ও চুঁচুড়া থানার পুলিশ কর্মীরা। পুলিশের পক্ষ থেকে চিরদীপের খোঁজে গঙ্গায় স্পিডবোট নামানো হয়।

ট্রাকের ধাক্কায় মৃত তিন বাইক আরোহী

নিজস্ব সংবাদদাতা, ডানকুনি ঃ হুগলির ডানকুনি থানার অন্তর্গত নিচ ডানকুনি ও দুর্গাপুর হাইওয়ে সংলগ্ন এলাকায় তিন বাইক আরোহীর মৃত্যু হল। পুলিশও স্থানীয় সূত্রে জানা গেছে, হাইওয়েতে একটি ট্রাক বাইক আরোহীদের ধাক্কা মারে। তাঁদের কারও মাথায় হেলমেট ছিল না। তাঁরা একটি হোটেলে খাওয়া দাওয়া করে বাড়ি ফিরছিলেন। তাঁদের শ্রীরামপুর হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন।

ভারত ছাড়ো আন্দোলনের ৭৭তম বর্ষপূর্তিতে চুঁচুড়ায় গান্ধী মূর্তির উন্মোচন করলেন মন্ত্রী

নিজস্ব সংবাদদাতা, চুঁচুড়া ঃ বৃহস্পতিবার ভারত ছাড়ো আন্দোলনের ৭৭তম বর্ষপূর্তির পাশাপাশি এই আন্দোলনের পুরোধা পুরুষ মহাত্মা গান্ধীর নতুন পূর্ণবয়ব মূর্তির আবরণ উন্মোচন করা হল। এদিন এই মূর্তির আবরণ উন্মোচন অনুষ্ঠানে হাজির ছিলেন রাজ্যের কৃষি বিপণন মন্ত্রী তথ্য হুগলি জেলা তৃণমূল সভাপতি তপন দাশগুপ্ত, চুঁচুড়া বিধায়ক অসিত মজুমদার, হুগলি-চুঁচুড়া পুরসভার পুরপ্রধান গৌরীকান্ত মুখার্জী, উপপুরপ্রধান অমিত রায়, কাউন্সিলর ইন্দ্রজিৎ দত্তসহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিরা। এদিন গান্ধীজীর মূর্তি উন্মোচন করে মন্ত্রী তপন দাশগুপ্ত বলেন, এখানে এর আগে একটি গান্ধীমূর্তি থাকলেও সেটি ভেঙে গিয়েছিল। তাই চুঁচুড়ার বিধায়ক, পুরসভা, কাউন্সিলরের উদ্যোগে আবার এই নতুন মূর্তি প্রতিষ্ঠা হল। যুদ্ধকালীন তৎপরতায় এই মূর্তি তৈরি করার জন্য মন্ত্রী এদিন আলাদাভাবে চুঁচুড়া বিধায়ক, পুরসভা ও স্থানীয় কাউন্সিলরকে ধন্যবাদ জানান। তপনবাবু আরও বলেন, ঐতিহাসিক এই দিনে গান্ধীজী ‘করেঙ্গা ইয়া মরেঙ্গা’ স্লোগানের মধ্যে দিয়ে ‘ইংরেজ ভারত ছাড়ো’ আন্দোলনের যে ডাক দিয়েছিলেন সেভাবেই এদিন আবার নতুন করে ‘বিজেপি ভারত ছাড়ো’ স্লোগান দিয়ে তৃণমূলিরা আন্দোলনে ঝাপিয়ে পড়বে।

মূর্তি উন্মোচনের পর এদিন হুগলি মোড় থেকে ‘বিজেপি ভারত ছাড়ো’ স্লোগান দিয়ে চুঁচুড়া বড়বাজার পর্যন্ত একটি বিশাল মিছিল করা হয়। অপরদিকে রত্না দে নাগের সাংসদ তহবিলের অর্থে শববাহী একটি যান দেওয়া হয় ‘আরোগ্য’ নামে এক সমাজসেবী সংস্থাকে। এদিন ওই শববাহী যানের চাবি সংস্থার সম্পাদকের হাতে তুলে দেন মন্ত্রী তপন দাশগুপ্ত।

গোঘাটে সংখ্যালঘুদের প্রকল্প নিয়ে কর্মশালা

নিজস্ব সংবাদদাতা, গোঘাট ঃ সংখ্যালঘুদের বিভিন্ন প্রকল্প সম্পর্কে ওই সম্প্রদায়ের মানুষদের অবহিত করার জন্য হুগলির গোঘাট থানার ২নং ব্লকের পঞ্চায়েত সমিতির সভাকক্ষে এক কর্মশালার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক মানস মজুমদার, গোঘাট ২নং বিডিও অরিজিৎ দাস, ১নং পঞ্চায়েত সমিতির সভাপতি মৃণালকান্তি আলু, সহসভাপতি মনোরঞ্জন পাল, বিদায়ী পঞ্চায়েত সমিতির সভাপতি পুতুল মুর্মু, কর্মাধ্যক্ষ আতাউল হক, নিরঞ্জন নাগ, গোঘাট ২নং ব্লক তৃণমূল সভাপতি তপন মণ্ডল, গোঘাট ১নং ব্লক সংখ্যালঘু সেলের সভাপতি সেখ আব্দুল রহিম, তৃণমূল নেতা প্রভাত ব্যানার্জী, হুগলি জেলা সংখ্যালঘু সেলের দায়িত্ব প্রাপ্ত অভিজিৎ কুমার ঘোষ প্রমুখ। অভিজিৎবাবু জানান, রাজ্য ও কেন্দ্র সরকারের সংখ্যালঘু মানুষদের জন্য চালু হওয়া প্রকল্পগুলির সম্পর্কে সাধারণ মানুষকে অবহিত করতেই এই কর্মশালা। উচ্চশিক্ষিত করতে ছাত্রছাত্রীদের কিভাবে ঋণ ও অন্যান্য সুবিধার আবেদন করতে পারবে তাও আলোচনা করা হয়।

পুরানো শিশি ধুয়ে বিক্রি, নকল সুগন্ধি তেল বিক্রির চক্র

নিজস্ব সংবাদদাতা, চন্দননগর ঃ এক শ্রেণির প্রতারক নামিদামি কোম্পানির মাথায় মাখার নকল সুগন্ধি তেল বিক্রি করছে। কিছুদিন আগেই উত্তর ২৪ পরগনা জেলার পুলিশ একদল নকল সুগন্ধি তেলের জাল প্রতারক চক্রের হদিশ পায়। কিন্তু এই কারবার যে বন্ধ হয়ে যায়নি বা এ নিয়ে প্রতারকরা চিন্তিত নয় তা আরও একবার প্রমাণিত হয়ে গেল। বুধবার উত্তর ২৪ পরগনার জগদ্দলের বিপরীতে অর্থাৎ হুগলির চন্দননগরের ফেরিঘাটে দেখা গেল এক মহিলাকে দু’বস্তা নামিদামি কোম্পানির নকল তেলের শিশি পরিষ্কার করতে। যদিও ওই মহিলার দাবি, তিনি রদ্দি মাল কেনাবেচা করেন। সেই হিসাবে তিনি এক ব্যবসায়ীকে ওই শিশি বিক্রি করবেন। তিনিও শুনেছেন এইসব শিশিতে নকল তেল ভরে আবারও বাজারে বিক্রি হয়।

যদিও এই নকল তেলের কারবারিদের সঙ্গে তার কোনও লেনদেন নেই। অন্যদিকে এই বিষয়ে স্থানীয় বাসিন্দারা জানান, যদি রদ্দি মালই বিক্রি হবে তাহলে শিশির ঢাকা আলাদা করে কেন বাছা হবে। এর থেকে এটাই পরিষ্কার যে ওই শিশি নকল তেল তৈরির কারবারিদের কাছে পৌঁছে যাবে।

বাস দুর্ঘটনায় জখম ৪ যাত্রী

নিজস্ব সংবাদদাতা, আরামবাগ ঃ নিয়ন্ত্রণ হারিয়ে নয়ানজুলিতে নেমে গেল যাত্রীবাহী বাস। বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে হুগলির আরামবাগের নৈশরাই এলাকায়। জানা গেছে, বর্ধমানগামী একটি যাত্রীবাহী বাস হঠাৎই নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে নয়ানজুলিতে নেমে যায়। এই ঘটনায় চারজন যাত্রী আহত হন। স্থানীয় মানুষ তাঁদের উদ্ধার করে আরামবাগ মহকুমা হাসপাতালে নিয়ে যান। জানা গেছে, যান্ত্রিক ত্রুটির জন্যই এই ঘটনা ঘটেছে।

বেড়াতে আসুন কামারপুকুরে
কামারপুকুর মঠের মেইন গেটের পাশে থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে
যোগাযোগ ঃ বাসুদেব লজ, কামারপুকুর
ফোন ঃ ৯৭৩৩৫৯৫৬৬৯

ফোন- ০৩২১১-২৫৬৯৫০/মোঃ ৯৭৩২৮৪৩৬৭৭
নিরোগ ডায়াগনষ্টিক
●সিটি স্ক্যান ●ডিজিট্যাল এক্সরে ●আল্ট্রাসোনোগ্রাফি ●কালার ডপলার ●ইকোকার্ডিগ্রাফী ●প্যাথলজি ●এফ.এন.এ.সি. ●ই এম জি এন সি ভি ●বায়োপ্সি ●ই.ই.জি. ●ই.সি.জি
Dr. Nischay R,
M.D. D.M.
প্রতি ইং মাসের প্রথম ও তৃতীয় রবিবার এন্ডোসকপি ও কোলোনসকপি করা হবে।